গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর

এবং

সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সরকারি আবাসন পরিদপ্তরে আগত সকল আবেদন “একসেবা” ব্যবহার করে অনলাইনে গ্রহণ করা হচ্ছে (২০১৮-২০১৯ অর্থবছর) এবং পরিদপ্তরের নথি সংক্রান্ত কার্যক্রম শতভাগ ই-নথিতে সম্পন্ন করা হচ্ছে (২০১৯-২০২০ অর্থ বছর)। এ দপ্তরের আওতাধীন সকল বাসার তথ্য নিয়ে তৈরিকৃত ডাইনামিক ডাটাবেজ এবং বাসা বরাদ্দের জন্য চালুকৃত ওয়েববেজড সফটওয়্যার www.bashaonline.com ব্যবহার করে স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ প্রদানের জন্য ডি-২, ডি-১, ই শ্রেণি, এফ শ্রেণিসহ অস্থায়ী ও পরিত্যক্ত শ্রেণির মোট ২১৪৩টি বাসা/বাড়ি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে (জুন, ২০১৯ হতে জুন, ২০২১)। “সরকারি অফিসের জন্য অফিস স্থান বরাদ্দ এবং বেসরকারি অফিস স্থান ভাড়া করার ছাড়পত্র প্রদান" সেবাটি সহজিকরণ করে পূর্বের ১৫ দিনের স্থলে ০৪ কার্যদিবসের মধ্যে প্রদান করা হচ্ছে (২০২০-২০২১ অর্থবছর)।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

১। দক্ষ জনবলের অভাব
২। সেবাগ্রহীতাগণ কর্তৃক ত্রুটিপূর্ণ আবেদন দাখিল
৩। বরাদ্দযোগ্য খালি বাসা/বাড়ির অপ্রতুলতা
৪। হিসাবরক্ষণ অফিসসমূহে ডিজিটালাইজেশন প্রক্রিয়ার পূর্ণ প্রয়োগ না থাকা

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সকল শ্রেণির বাসা/বাড়ি স্বয়ংক্রিয় পদ্ধতিতে বরাদ্দ প্রদান এবং সফটওয়্যারে AI সংযোজন করে ডিজিটাল সেবা প্রদান এবং ক্রমান্বয়ে এ পরিদপ্তরকে পেপারলেস অফিস হিসেবে গড়ে তোলা। না-দাবি প্রদান সেবা আরও সহজ ও যুগোপযোগী করার লক্ষ্যে Ibas++ সফটওয়্যারের সাথে API সংযোগ স্থাপন করা। এছাড়া, আঞ্চলিক অফিস চালুকরণ এবং পরিদপ্তরকে অধিদপ্তরে উন্নীতকরণসহ Bangladesh Allocation Rules, 1982 এবং সরকারি আবাসন পরিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারী (গ্যাজেটেড ও নন-গ্যাজেটেড) নিয়োগ বিধিমালা, ২০১৩ সংশোধনের কার্যক্রম গ্রহণ করা।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- সরকারি কর্মচারীগণের অনুকূলে ১৪০০ টি বাসা/গ্যারেজ বরাদ্দ প্রদান
- বাসা বরাদ্দের সকল আবেদন অনলাইনে গ্রহণ ও আবেদন নিষ্পন্নকরণ
- নির্ধারিত সংখ্যক বাসা স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ প্রদান
- সকল না-দাবি সনদ প্রদানে অনলাইন ব্যবস্থাপনা অন্তর্ভুক্তকরণ
- বাসা এবং বরাদ্দগ্রহীতাগণের ডাটাবেজ হালনাগাদকরণ অব্যাহত রাখা
- আবাসন এলাকা পরিদর্শন এবং অননুমোদিত দখলকারীগণের নিকট হতে বাসার দখল উদ্ধারকরণ

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর

এবং

সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়-এর মধ্যে ২০২১ সালের জুন মাসের ২৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

সরকারি আবাসনের সুষ্ঠু ব্যবস্থাপনা।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

Bangladesh Allocation Rules, 1982-এর যথাযথ প্রয়োগের মাধ্যমে রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যাক্তিবর্গ, সরকারি কর্মকর্তা-কর্মচারীগণের মধ্যে আবাসন সুবিধা প্রদান। সরকারি আবাসনের ভাড়া ও অন্যান্য কর আদায় নিশ্চিতকরণ, সাময়িক ও চূড়ান্ত না-দাবি সনদ প্রদান, সরকারি আবাসন সুবিধা গ্রহণ না করার ক্ষেত্রে Annexure A মোতাবেক না-দাবি সনদ প্রদান, অফিস স্থান বরাদ্দ প্রদান এবং প্রযোজ্য ক্ষেত্রে বেসরকারি অফিস স্থান ভাড়া করার ছাড়পত্র প্রদান। এছাড়া, অবৈধভাবে দখলে রাখা কিংবা বরাদ্দের বৈধতার মেয়াদ উত্তীর্ণ বাসা দখলকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ উচ্ছেদ কার্যক্রম পরিচালনা।

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র**

**১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সরকারি আবাসন পরিদপ্তরের বাসা সংক্রান্ত তথ্যাদির ডাটাবেজ আধুনিকায়ন ও হালনাগাদকরণ
২. সরকারি কর্মচারীগণের অনুকূলে বাসা/গ্যারেজ বরাদ্দ প্রদান
৩. স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ প্রদানের (নির্ধারিত বাসা/বাড়ি) লক্ষ্যে জ্যেষ্ঠতাক্রম নির্ধারণ
৪. সরকারি কর্মচারীগণের অনুকূলে না-দাবি সনদ প্রদান
৫. বাসা/বাড়ির ব্যবস্থাপনা কার্যক্রম তদারকি

**১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি (Functions)**

১. ঢাকা ও চট্টগ্রাম শহরে কর্মরত সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের জন্য সরকারি বাসা/বাড়ি বরাদ্দ প্রদান
২. বিধিমালা ভঙ্গ কিংবা অন্য কোনো বিধিবদ্ধ কারণে বরাদ্দ বাতিলকরণ
৩. সরকারি অফিস স্থান বরাদ্দ
৪. সরকারি অফিসের জন্য বে-সরকারি বাড়ি ভাড়ার ছাড়পত্র প্রদান
৫. সরকারি আবাসন পরিদপ্তরের আওতাধীন ঢাকা শহরের বিভিন্ন এলাকায় অবস্থিত দোকানসমূহের বরাদ্দ প্রদান
৬. সরকারি কর্মকর্তাগণের জন্য গ্যারেজ বরাদ্দ প্রদান
৭. সরকারি বাসা/বাড়ির ভাড়া/ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন এবং বাসা/বাড়ির ইউটিলিটি বিল (বিদ্যুত,গ্যাস,পানি,পৌরকর প্রভৃতি) পরিশোধ নিশ্চিতকল্পে সাময়িক/চূড়ান্ত না-দাবি সনদপত্র প্রদানকরণ

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | | |
| বাসা এবং গ্যারেজ বরাদ্দ প্রদান | বরাদ্দকৃত বাসা | সংখ্যা | ১১৯৭ | ১২০৫ | ১৩০০ | ১৩৫০ | ১৪০০ | গণপূর্ত অধিদপ্তর | বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২ এর বিধি ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১৩ ও ১৫ এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ১৮/১২/২০১৮ তারিখের ৫৫৩ নং পত্র |
| | বরাদ্দকৃত গ্যারেজ | সংখ্যা | ২১৬ | ১৮৮ | ১০০ | ১২০ | ১৫০ | গণপূর্ত অধিদপ্তর | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ১৮/১২/২০১৮ তারিখের ৫৫৩ নং পত্র |
| সরকারি কর্মচারীগণের অনুকূলে না-দাবি সনদ প্রদান | আবেদনের বিপরীতে প্রদানকৃত সাময়িক না-দাবি সনদ | % | ৩১১ | ৪৫৬ | ১০০ | ১০০ | ১০০ | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় | বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২ এর বিধি ১৯ ও ২০ |
| | আবেদনের বিপরীতে প্রদানকৃত চূড়ান্ত না-দাবি সনদ | % | ৩৭৪ | ৩৯৩ | ১০০ | ১০০ | ১০০ | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় | বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২ এর বিধি ১৯ ও ২০ |
| সরকারি আবাসন পরিদপ্তরের বাসা সংক্রান্ত তথ্যাদির ডাটাবেজ আধুনিকায়ন ও হালনাগাদকরণ | বাসা সংক্রান্ত সফটওয়্যার আধুনিকায়নকৃত | তারিখ | | | ৩০-০৪-২০২২ | | | | বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২-এর বিধি ৩, ৪ ও ৭ এবং ভিশন ২০২১ ও ভিশন ২০৪১ |
| | বাসা সংক্রান্ত তথ্যাদির ডাটাবেজ হালনাগাদকৃত | % | | ১০০ | ১০০ | | | | বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২-এর বিধি ৩, ৪ ও ৭ এবং ভিশন ২০২১ ও ভিশন ২০৪১ |
| স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ প্রদানের (নির্ধারিত বাসা/বাড়ি) লক্ষ্যে জ্যেষ্ঠতাক্রম নির্ধারণ | স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত জ্যেষ্ঠতাক্রম | % | | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | | বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২-এর বিধি ৩, ৪ ও ৭ এবং ভিশন ২০২১ ও ভিশন ২০৪১ |
| বাসা/বাড়ির ব্যবস্থাপনা কার্যক্রম তদারকি | আবাসন এলাকা পরিদর্শন | সংখ্যা | ১৪৭ | ৪১৬ | ৪৫০ | ৫০০ | ৫৫০ | | বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২ এর বিধি ১০, ১১, ১২, ১৪, ১৬, ১৭ ও ১৮ |
| | অননুমোদিত বসবাসকারীগণের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ | % | | | ৫০ | ৬০ | ৭০ | | বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২ এর বিধি ১৮ |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সরকারি আবাসন পরিদপ্তরের বাসা সংক্রান্ত তথ্যাদির ডাটাবেজ আধুনিকায়ন ও হালনাগাদকরণ | ২০ | [১.১] সরকারি আবাসন পরিদপ্তরের বাসা/বাড়ি সংক্রান্ত ওয়েবেজড স্বয়ংক্রিয় সফটওয়্যার (www.bashaonline.com)আধুনিকায়ন | [১.১.১] আধুনিকায়নকৃত সফটওয়্যার | তারিখ | তারিখ | ১০ | | | ৩০.০৪.২২ | ১৫.০৫.২২ | ৩১.০৫.২২ | ১৫.০৬.২২ | ২০.০৬.২২ | ৩১.০৫.২৩ | ৩১.০৫.২৪ |
| | | [১.২] সরকারি আবাসন পরিদপ্তরের বাসা/বাড়ির বরাদ্দপ্রাপকগণের তথ্যাদির ডাটাবেজ হালনাগাদকরণ | [১.২.১] হালনাগাদকৃত ডাটাবেজ | গড় | % | ১০ | | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| [২] সরকারি কর্মচারীগণের অনুকূলে বাসা/গ্যারেজ বরাদ্দ প্রদান | ১৫ | [২.১] বাসা/বাড়ি বরাদ্দ প্রদান | [২.১.১] বরাদ্দকৃত বাসা | সমষ্টি | সংখ্যা | ১০ | ১১৯৭ | | ১৩০০ | ১১০০ | ১০০০ | ৮০০ | ৭০০ | ১৩৫০ | ১৪০০ |
| | | [২.২] গ্যারেজ বরাদ্দ প্রদান | [২.২.১] বরাদ্দকৃত গ্যারেজ | সমষ্টি | সংখ্যা | ৫ | ২১৬ | | ১০০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ১২০ | ১৫০ |
| [৩] স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ প্রদানের (নির্ধারিত বাসা/বাড়ি) লক্ষ্যে জ্যেষ্ঠতাক্রম নির্ধারণ | ১৫ | [৩.১] স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত জ্যেষ্ঠতাক্রম | [৩.১.১] স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত জ্যেষ্ঠতাক্রম | গড় | % | ১৫ | | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮০ | ৭৫ | ১০০ | ১০০ |
| [৪] সরকারি কর্মচারীগণের অনুকূলে না-দাবি সনদ প্রদান | ১০ | [৪.১] সাময়িক না-দাবি সনদ প্রদান | [৪.১.১] প্রদানকৃত সাময়িক না-দাবি সনদ | গড় | % | ৫ | ৩১১ | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [৪.২] চূড়ান্ত না-দাবি সনদ প্রদান | [৪.২.১] প্রদানকৃত চূড়ান্ত না-দাবি সনদ | গড় | % | ৫ | ৩৭৪ | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৫] বাসা/বাড়ির ব্যবস্থাপনা কার্যক্রম তদারকি | ১০ | [৫.১] আবাসন এলাকা পরিদর্শন | [৫.১.১] পরিদর্শনকৃত আবাসন এলাকা | সমষ্টি | সংখ্যা | ৫ | ১৪৭ | | ৪৫০ | ৪০০ | ৩৫০ | ৩০০ | ২৫০ | ৫০০ | ৫৫০ |
| | | [৫.২] অননুমোদিত বসবাসকারীগণের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ | [৫.২.১] বাসার দখল উদ্ধারকৃত | গড় | % | ৫ | | | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | ২০ | ৬০ | ৭০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হিসাবে পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

৩০/০৬/২০২১

পরিচালক
সরকারি আবাসন পরিদপ্তর

৩০/০৬/২০২১
তারিখ

সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

৩০/০৬/২০২১
তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
| --- | --- | --- |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] সরকারি আবাসন পরিদপ্তরের বাসা/বাড়ি সংক্রান্ত ওয়েববেজড স্বয়ংক্রিয় সফটওয়্যার (www.bashaonline.com)আধুনিকায়ন | [১.১.১] আধুনিকায়নকৃত সফটওয়্যার | প্রশাসন শাখা এবং আইসিটি শাখা | প্রশাসন/আইসিটি শাখা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন |
| [১.২] সরকারি আবাসন পরিদপ্তরের বাসা/বাড়ির বরাদ্দপ্রাপকগণের তথ্যাদির ডাটাবেজ হালনাগাদকরণ | [১.২.১] হালনাগাদকৃত ডাটাবেজ | সকল বরাদ্দ শাখা | বরাদ্দ শাখা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন |
| [২.১] বাসা/বাড়ি বরাদ্দ প্রদান | [২.১.১] বরাদ্দকৃত বাসা | সকল বরাদ্দ শাখা | বরাদ্দ শাখাসমূহের প্রতিবেদন |
| [২.২] গ্যারেজ বরাদ্দ প্রদান | [২.২.১] বরাদ্দকৃত গ্যারেজ | গ্যারেজ বরাদ্দ শাখা | গ্যারেজ বরাদ্দ শাখার প্রতিবেদন |
| [৩.১] স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত জ্যেষ্ঠতাক্রম | [৩.১.১] স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত জ্যেষ্ঠতাক্রম | বরাদ্দ শাখা এবং আইসিটি শাখা | বরাদ্দ/আইসিটি শাখা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন |
| [৪.১] সাময়িক না-দাবি সনদ প্রদান | [৪.১.১] প্রদানকৃত সাময়িক না-দাবি সনদ | ভাড়া আদায় শাখা | ভাড়া আদায় শাখার প্রতিবেদন |
| [৪.২] চূড়ান্ত না-দাবি সনদ প্রদান | [৪.২.১] প্রদানকৃত চূড়ান্ত না-দাবি সনদ | ভাড়া আদায় শাখা | ভাড়া আদায় শাখার প্রতিবেদন |
| [৫.১] আবাসন এলাকা পরিদর্শন | [৫.১.১] পরিদর্শনকৃত আবাসন এলাকা | সকল শাখা | শাখাসমূহের প্রতিবেদন |
| [৫.২] অননুমোদিত বসবাসকারীগণের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ | [৫.২.১] বাসার দখল উদ্ধারকৃত | বরাদ্দ শাখা | বরাদ্দ শাখা/পরিদর্শনকারীর প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| চূড়ান্ত না-দাবি সনদ প্রদান | প্রদানকৃত চূড়ান্ত না-দাবি সনদ | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় | নির্ধারিত সময়ের মধ্যে কর্তন সংক্রান্ত হিসাব বিবরণী প্রেরণ |
| সাময়িক না-দাবি সনদ প্রদান | প্রদানকৃত সাময়িক না-দাবি সনদ | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় | নির্ধারিত সময়ের মধ্যে কর্তন সংক্রান্ত হিসাব বিবরণী প্রেরণ |
| সরকারি আবাসন পরিদপ্তরের বাসা/বাড়ি সংক্রান্ত সফটওয়্যার আধুনিকায়ন | বাসা সংক্রান্ত সফটওয়্যার আধুনিকায়নকৃত | TOS Limited (সফটওয়্যার প্রস্তুতকারী প্রতিষ্ঠান) | নির্ধারিত সময়ের মধ্যে মানসম্মত কার্য সম্পাদন এবং নিয়মিত তদারকি ও পর্যালোচনা |
| স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত জ্যেষ্ঠতাক্রম | স্বয়ংক্রিয়ভাবে জ্যেষ্ঠতাক্রম নির্ধারিত | TOS Limited (সফটওয়্যার প্রস্তুতকারী প্রতিষ্ঠান) | নির্ধারিত সময়ের মধ্যে মানসম্মত কার্য সম্পাদন এবং নিয়মিত তদারকি ও পর্যালোচনা |
| সরকারি আবাসন পরিদপ্তরের বাসা/বাড়ি সংক্রান্ত তথ্যাদির ডাটাবেজ হালনাগাদকরণ | বাসা সংক্রান্ত তথ্যাদির ডাটাবেজ হালনাগাদকৃত | গণপূর্ত অধিদপ্তর | দখল গ্রহণ/হস্তান্তর সংক্রান্ত তথ্যাদি দ্রুততম সময়ের মধ্যে অবহিতকরণ |
| গ্যারেজ বরাদ্দ প্রদান | বরাদ্দকৃত গ্যারেজ | গণপূর্ত অধিদপ্তর | দখল গ্রহণ/হস্তান্তর সংক্রান্ত তথ্যাদি দ্রুততম সময়ের মধ্যে অবহিতকরণ |
| বাসা/বাড়ি বরাদ্দ প্রদান | বরাদ্দকৃত বাসা | গণপূর্ত অধিদপ্তর | দখল গ্রহণ/হস্তান্তর সংক্রান্ত তথ্যাদি দ্রুততম সময়ের মধ্যে অবহিতকরণ |
| সরেজমিনে আবাসন এলাকা পরিদর্শন | পরিদর্শনকৃত আবাসন এলাকা | গণপূর্ত অধিদপ্তর | দখল গ্রহণ/হস্তান্তর সংক্রান্ত তথ্যাদি দ্রুততম সময়ের মধ্যে অবহিতকরণ |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ